

প্রিয় পরিবারবর্গ:

স্কুল ভবনগুলো বন্ধ হয়ে যাবার এবং গত সপ্তাহে রিমোট লার্নিং শুরু হবার পর, আমাদের 150,000-এর বেশী স্টাফের সাথে অংশীদারিত্বে, এই নতুন বাস্তবতায় উত্তরণ করতে আপনারা সকলে অসম্ভব সহনশীলতা এবং সহিষ্ণুতা প্রদর্শন করেছেন। একসাথে, আমরা এই দেশের সবচেয়ে বড় পাবলিক স্কুল সিস্টেম এমনভাবে পরিবর্তন আনছি যা এক সপ্তাহ আগেও আমরা কখনও চিন্তা করতে পারিনি।

এই পুরো প্রক্রিয়া চলাকালে, আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং শেখার অবিচ্ছিন্নতাকে আমাদের চিন্তা-ভাবনায় প্রাধান্য দিয়ে আমরা প্রতিটি সিদ্ধান্তে উপনীত হয়েছি। এই সবকিছুর মাঝে, আমাদের সকল স্কুল কমিউনিটির সাথে নমনীয়তা এবং ধৈর্যের সাথে কাজ করার প্রতি আমি গুরুত্ব আরোপ করেছি।

ঐসব মূল্যবোধের পাশাপাশি পারস্পরিক দূরত্ব সকল নিউ ইয়র্কবাসীদের জন্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বজায় থাকায়, বৃহস্পতিবার, 9 এপ্রিল থেকে শুক্রবার, 17 এপ্রিল, 2020 তারিখ পর্যন্ত আগে থেকেই ধার্য বসন্তের ছুটির প্রতি আমাদের অবশ্যই নতুনভাবে অগ্রসর হতে হবে।

সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং কল্যাণের জন্যে, সিটি এবং স্টেট একমত হয়েছে যে স্কুলগুলোর অব্যাহতভাবে রিমোট লার্নিং অফার করে যাবে, এতে অন্তর্ভুক্ত পূর্বে ছুটি হিসেবে ধার্য দিনগুলো। এর ফলে, আমাদের স্কুলগুলো বসন্তের ছুটি হিসেবে সময়সূচি করা দিনগুলোতেও রিমোট লার্নিং অব্যাহত রাখবে।

আমরা জানি যে অনেক নিউ ইয়র্কবাসী 9 এবং 10 এপ্রিল ধর্মীয় ছুটির দিন পালন করার পরিকল্পনা করছে। যেকোন শিক্ষার্থী এবং স্কুলের স্টাফ, যারা ব্যক্তিগতভাবে ঐ ছুটির দিনগুলো উদযাপন করতে চায়, তারা করতে পারে। কিন্তু, এই দিনগুলো স্কুল সিস্টেমের জন্যে "ছুটির দিন" হিসেবে গণ্য হবে না, এবং যেসব শিক্ষার্থী ঐ ছুটির দিনগুলো উদযাপন করছে তাদের জন্যে শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে।

এই সময় পরিবারের জন্যে কিছু অতিরিক্ত গুরুত্বপূর্ণ তথ্য এখানে দেয়া হলো:

*দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)*

আমরা জানি বসন্তের ছুটি হচ্ছে আমাদের শিক্ষক এবং শিক্ষার্থী উভয়ের জন্যেই বিশ্রাম ও পুনরোদ্যম গ্রহণের সময়— এবং এই নতুন শিক্ষা ধারায় রপ্ত করতে আমাদের শিক্ষার্থী ও শিক্ষকগণ কত কঠোর পরিশ্রম করেছে আমরা তাও জানি।

এই চিন্তা থেকে, আমরা স্কুলগুলোতে রিমোট লার্নিংয়ের জন্যে এমন রিসোর্স বা সংস্থান প্রদান করবো যা 9-17 এপ্রিলে সকল শিক্ষার্থীর জন্যে দৈনিক প্রসঙ্গ এবং উন্নতিমূলক কার্যকলাপের প্রতি মনোনিবেশ করবে। এটা শিক্ষার্থী এবং শিক্ষকদের অর্থপূর্ণভাবে সম্পূর্ণ রাখবে এবং একে অন্যের সাথে যোগাযোগ বজায় রাখার পাশাপাশি তাদের পারিপার্শ্বিক জগতে যা কিছু হচ্ছে যে বিষয়ে ধারণা দেবে—যদিও আমরা বাড়িতে বসে পারস্পরিক দূরত্ব বজায় রাখছি তাসত্ত্বেও।

সংস্থান বা রিসোর্সের মধ্যে অন্তর্ভুক্ত "প্রসঙ্গ বা থিম" দিবস (যেমন, কল্যাণ, বিশ্বের ভাষাসমূহ, কম্পিউটার সায়েন্স, কলেজ এবং পেশাজীবনের প্রস্তুতি) এবং ভার্চুয়ালি (ভিডিওর মাধ্যমে) আমাদের সিটিতেই অবস্থিত অতুলনীয় শিক্ষাগত এবং সাংস্কৃতিক রিসোর্সগুলোর সুযোগ গ্রহণ করবে (যেমন, জাদুঘর, লাইব্রেরি, এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহ)।

এই কার্যক্রম সম্পর্কে আরো তথ্য স্কুলগুলোতে পরবর্তী সপ্তাহে প্রদান করা হবে। আমরা সুনিশ্চিত যে আসন্ন সপ্তাহগুলোতে পরিবারদের পারস্পরিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) অব্যাহত করা সাহায্য করবে, এই মুহূর্তে ভাইরাসের সংক্রমণ ধীর গতি করতে এবং আমাদের নিজেদের ও প্রতিবেশীদের নিরাপদ রাখতে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

### রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টারসমূহ

রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টারসমূহ (RECS) প্রথম সাড়াদানকারী, স্বাস্থ্য সেবা প্রদানকারী, এবং সিটিজুড়ে অন্যান্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মিবৃন্দের সন্তানদের পরিষেবা প্রদান করে। বেশীরভাগ REC সাইটগুলো 9-17 এপ্রিল খোলা থাকবে। যেসব পরিবারের সাময়িকভাবে REC-তে স্থানান্তর করা প্রয়োজন হতে পারে, আমরা তাদের সাথে আগে থেকেই যোগাযোগ করবো। আরো তথ্যের জন্যে [schools.nyc.gov/recs](https://schools.nyc.gov/recs) ভিজিট করুন।

### বিনামূল্যে খাবার (ফ্রি মিলস)

খাবার প্রদানের স্থানগুলো (মিল হাব) যারা খেতে চায় এমন সকল নিউ ইয়র্কবাসীকে অফার করে। আমাদের বেশীরভাগ মিল হাবগুলো অব্যাহতভাবে পরিচালনা বজায় রাখবে। এই পর্যায়ে অথবা অন্য যেকোন সময় আপনার নিকটস্থ মিল হাব খুঁজতে, ভিজিট করুন [schools.nyc.gov/freemeals](https://schools.nyc.gov/freemeals)।

### স্বাস্থ্যগত সাবধানতাসমূহ

আমরা জানি আমাদের পরিবারেরা কোরোনাভাইরাসের সংক্রমণ রোধ করতে কঠোর পরিশ্রম করছেন। যারা কোন লক্ষণ প্রকাশ করছে না তারাও COVID-19 ছড়াতে পারে, এবং সেহেতু নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) আপনারা বাড়ি থেকে বাইরে বের হলে মুখ ঢেকে অথবা মুখোশ পড়ে যাবার জন্যে সুপারিশ করছে। মুখ ঢেকে রাখা আপনাকে ইনফেকশনের হাত থেকে রক্ষা করবে না, কিন্তু এটা অন্যদের সাহায্য করবে। মুখ ঢেকে রাখার উপকরণ আপনার নাক ও মুখ ঢেকে রাখবে এমন সবকিছু হতে পারে, এতে অন্তর্ভুক্ত ধুলোর মুখোশ (ডাস্ট মাস্ক), স্কার্ফ (গলায় বাধার বড় রুমাল) এবং ব্যান্ডানা (বড় রুমাল)। স্বাস্থ্য সেবা প্রদানকারীদের মুখোশ ব্যবহার করবেন না, কারণ সেগুলো আমাদের স্বাস্থ্য সেবার সিস্টেমের মানুষদের জন্যে অবশ্যই সংরক্ষণ করতে হবে। আপনার মুখ ঢাকা থাকলেও, যতটুকু সম্ভব বাড়িতে থাকা অব্যাহত রাখুন এবং অন্য মানুষের কাছাকাছি যাওয়া বিরত রাখুন। মুখ ঢেকে রাখা এবং এ সংক্রান্ত একটি FAQ-এর পাশাপাশি ভাইরাস সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যের জন্যে অনুগ্রহ করে [nyc.gov/coronavirus](https://nyc.gov/coronavirus) ভিজিট করুন।

পাঁচ বরোরজুড়ে DOE কমিউনিটিগুলোতে সকল ছেলেমেয়ে এবং প্রাপ্তবয়স্কদের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং উচ্চ-মানসম্পন্ন শিক্ষা প্রদান আমাদের প্রধান প্রাধান্য হিসেবে কাজ করে যাব। বারংবার, আপনি এবং আপনার সন্তান—এবং সকল শিক্ষক যারা তাদের পরিষেবা প্রদান করছে—নিউ ইয়র্ক সিটিকে বিশ্ব সেবা শিক্ষার্থী ও স্টাফ প্রদান করছে, এবং কোনকিছুই তা পরিবর্তন করতে পারবে না।

বসন্তের ছুটি, REC, ফ্রি খাবার, এবং আরো অনেক কিছু নিয়ে কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে 311 ফোন করুন অথবা [schools.nyc.gov](https://schools.nyc.gov) ভিজিট করুন। বরাবরের মতই, রিমোট লার্নিং এবং আপনার সংক্রান্ত তথ্যের জন্যে আপনার শিক্ষক, প্রিন্সিপ্যাল এবং স্কুলের অন্যান্যদের সাথে যোগাযোগ করুন।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)  
চ্যান্সেলর  
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন